

কাজের স্থানে কোনো ব্যক্তিকে কি একা ফেলে রাখা যাবে?

Can a person be left alone at their place of work?

একাকী কাজ করার ব্যাপারে কোনো চূড়ান্ত নিষেধাজ্ঞা নেই; এটা ঝুঁকি পরিমাপের প্রাপ্ত ফলাফলের ওপর নির্ভর করবে।

এক্ষেত্রে প্রযোজ্য দুইটি প্রধান আইন রয়েছে:

The Health and Safety at Work etc Act 1974: Section 2 যাতে নিয়োগকারীদেরকে যত্ন নেয়ার দায়িত্ব দেয়া আছে, যার মাধ্যমে তাঁদেরকে কর্মরত অবস্থায় তাঁদের কর্মচারীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে হবে।

The Management of Health and Safety at work Regulations 1999:

এর রেগুলেশন ৩ অনুসারে প্রতিটি নিয়োগকর্তাকে যথাযথ ও যথেষ্টভাবে নিরূপন করতে হবে-

- কাজের সময় তাঁর কর্মচারীরা যেসব স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক ঝুঁকির সম্মুখীন; এবং
- তাঁর বা তাঁর প্রতিষ্ঠানের কাজকর্ম থেকে উদ্ভূত অথবা কাজকর্মের সাথে সম্পর্কিত কোনো কারণে, তাঁর কর্মচারী নন এমন ব্যক্তিদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক ঝুঁকি

এইচএসই নিম্নলিখিত প্রকাশনা প্রস্তুত করেছে:

• Working Alone in Safety - ফ্রি তথ্যপত্র

(নিরাপদে একা অবস্থায় কাজ করা)

যদিও একা কাজ করার ব্যাপারে সাধারণভাবে কোনো আইনগত নিষেধাজ্ঞা নেই তথাপি HSW Act J MHSW রেগুলেশনস-এর মূল কর্তব্যগুলো পালন করতে হবে। এগুলো হচ্ছে কাজের বিপদসমূহ চিহ্নিত করা, বিদ্যমান ঝুঁকি নিরূপন করা, এবং ঝুঁকি এড়ানো বা নিয়ন্ত্রণের ব্যবস্থা প্রস্তুত রাখা।

নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাদির মধ্যে রয়েছে নির্দেশাবলী, ট্রেনিং, তত্ত্বাবধান, সুরক্ষামূলক যন্ত্রপাতি ইত্যাদি। নিয়োগকর্তাকে এসব নিয়ন্ত্রণ ব্যবস্থা যাতে ব্যবহৃত হয় তা যাচাই-এর পদক্ষেপ নিতে হবে, এবং সময় সময় এগুলো যথেষ্ট কিনা তা পূরণায় পরীক্ষা করে দেখতে হবে।

ঝুঁকি নিরূপনে যদি দেখা যায় কাজটি একজন কর্মী দ্বারা নিরাপদে করা সম্ভব নয়, তাহলে তাকে সহায়তার ব্যবস্থা বা সমস্যা মোকাবেলার বিকল্প ব্যবস্থা রাখতে হবে। যেখানে একক কর্মী অন্য নিয়োগকর্তার কর্মস্থানে কাজ করবে, সেই নিয়োগকর্তাকে উক্ত কর্মচারীর নিয়োগকর্তাকে ঝুঁকিসমূহ এবং গ্রহণীয় নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা সম্পর্কে জানাতে হবে। এটা একক কর্মীর নিয়োগকর্তাকে ঝুঁকিসমূহ নিরূপনে সহায়তা করবে।

ঝুঁকি নিরূপণকৃত হলে তা উচ্চমাত্রার তত্ত্বাবধানের সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে। কিছু উচ্চ ঝুঁকিপূর্ণ কর্মকান্ড রয়েছে সেখানে অন্ততঃ আরো একজন ব্যক্তির উপস্থিত থাকা প্রয়োজন হতে পারে। উদাহরণের মধ্যে রয়েছে কতিপয় উচ্চ ঝুঁকিসম্পন্ন আবদ্ধ স্থানে কাজ করা, সেখানে একজন তত্ত্বাবধায়কের থাকা প্রয়োজন মনে হতে পারে। এছাড়াও আরেকজন থাকতে হবে শুধু উদ্ধারকারী হিসাবে দায়িত্ব পালনের জন্য, এবং খোলা বৈদ্যুতিক পরিবাহী উপকরণের স্থানে বা কাছাকাছি স্থানে বৈদ্যুতিক কাজের জন্য অন্ততঃ দুইজন মানুষ কখনো কখনো প্রয়োজন হয়।

একক কর্মীদের অন্যান্য কর্মীর চেয়ে বেশী ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা উচিত নয়। এরজন্য অতিরিক্ত ঝুঁকি নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োজন হতে পারে। সাবধানতামূলক ব্যবস্থা নেয়ার সময় স্বাভাবিক কাজকর্ম এবং দৃশ্যমান ভবিষ্যতে সম্ভাব্য জরুরী পরিস্থিতি, যেমন আগুন, যন্ত্রপাতি বিকল হওয়া, অসুস্থতা ও

দূর্ঘটনার বিষয়ে খেয়াল রাখতে হবে। নিয়োগকর্তাদের উচিত মানুষ যে সব অবস্থায় একাকী কাজ করে তা চিহ্নিত করা এবং প্রশ্ন করাঃ

১. কর্মস্থানটি কি একক কর্মীর প্রতি বিশেষ ঝুঁকি সৃষ্টি করছে?
২. একজন মানুষের জন্য কি নিরাপদে প্রবেশ ও বের হবার ব্যবস্থা আছে? প্রবেশের জন্য সহায়ক অস্থায়ী যন্ত্রপাতি যা প্রয়োজন, যেমন বহনযোগ্য মই বা টেবিল, তা একজন মানুষ নিরাপদভাবে ব্যবহার করতে পারবে কি?
৩. সব কলকজা কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও মালামাল এক ব্যক্তির দ্বারা নিরাপদভাবে পরিচালনা করা সম্ভব কি? ভেবে দেখুন করণীয় কাজের মধ্যে একজনের জন্য অনেক বড় কোন জিনিস ওপরে উঠাতে হবে কি না বা নিরাপদে যন্ত্রপাতি চালানোর জন্য অত্যাবশ্যিক নিয়ন্ত্রণসমূহ পরিচালনায় একাধিক ব্যক্তি প্রয়োজন কিনা?
৪. সহিংস আচরণের ঝুঁকি আছে কি?
৫. একাকী কাজ করলে নারীরা বিশেষভাবে ঝুঁকির সম্মুখীন কি?
৬. অল্পবয়স্ক কর্মীরা একাকী কাজ করলে বিশেষভাবে ঝুঁকির সম্মুখীন কি?
৭. ব্যক্তিটি কি শারিরিকভাবে সক্ষম এবং একাকী কাজ করার উপযুক্ত?
৮. কি হবে যদি ঐ ব্যক্তি অসুস্থ হয়ে পড়ে, দূর্ঘটনায় পড়ে অথবা যদি কোনো জরুরী পরিস্থিতি দেখা দেয়?